# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**27-04-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয়, তথা শেষ দফার ভোটগ্রহণের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হয়েছে। এরই সঙ্গে শুরু হয়েছে সাইলেন্স পিরিয়ড।

এই দফায় ৭ জেলার ১৪২-টি আসনে আগামী বুধবার ২৯-শে এপ্রিল ভোট নেওয়া হবে ।

২) ভোটের আগে সবকটি নির্বাচনী কেন্দ্রে চলছে কঠোর নজরদারী। ২ হাজার ৩২১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে পুলিশ নির্বাচন কমিশনের নির্দেশে দেড় হাজারের বেশী দুষ্কৃতীকে গ্রেফতার করেছে।

৩) দ্বিতীয় তথা শেষ দফার ভোটের আগে সুপ্রিম কোর্টের নির্দেশ মত আজ চূড়ান্ত অতিরিক্ত ভোটার তালিকা প্রকাশ করা হতে পারে।

৪) রাজ্যে দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের আগে বাইক চলাচল সংক্রান্ত নির্বাচন কমিশনের নির্দেশিকায় সংশোধন করে কলকাতা হাইকোর্ট জানিয়েছে, ভোট শেষ হওয়ার ৪৮ ঘণ্টার আগে থেকে দল বেঁধে বাইক চালানো যাবে না।

৫) অনুকূল বায়ু প্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় সারা রাজ্যেই আগামী চার-পাঁচ দিন বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয়, তথা শেষ দফার ভোটগ্রহণের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হয়েছে। এরই সঙ্গে শুরু হয়েছে সাইলেন্স পিরিয়ড। এই দফায় ৭ জেলার ১৪২-টি আসনে আগামী বুধবার ২৯-শে এপ্রিল ভোট নেওয়া হবে । মোট ৩ কোটি ২১ লক্ষ ৭৩ হাজার ৮৩৭ জন ভোটার এই দফায় তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে মহিলা ভোটারের সংখ্যা ১ কোটি ৫৭ লক্ষ ৩৭ হাজারের কিছু বেশি। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৭৯২ জন।

তবে,  সুপ্রিম কোর্টের নির্দেশ মতো এস আই আর-এর অ্যাজুডিকেশনে বাদ পড়া ভোটারদের আবেদন বিবেচনা করে অ্যাপিলেট ট্রাইব্যুনাল আজ তালিকা প্রকাশ করলে এই সংখ্যায় পরিবর্তন হবে বলে মনে করা হচ্ছে। দ্বিতীয় দফায় প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ১ হাজার ৪৪৮ জন প্রার্থী। মহিলা প্রার্থীর সংখ্যা ২২০ জন। আয়তনের নিরিখে সব থেকে বড় বিধানসভা কেন্দ্র কল্যাণী এবং সবচেয়ে ছোটো জোড়াসাঁকো।

অন্যদিকে, হুগলীর চুচুঁড়া বিধানসভার ভোটার সংখ্যা সর্বাধিক - ২ লক্ষ ৭৫ হাজার ৭১৫। সবচেয়ে কম ভোটার রয়েছে উত্তর ২৪ পরগনার ভাটপাড়ায় ১ লক্ষ ১৭ হাজার ১৯৫ জন।

মোট ২ হাজার ৩২১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী, এই দফায় মোতায়েন করা হচ্ছে। পাশাপাশি থাকছেন ১৪২ জন সাধারণ পর্যবেক্ষক, ৯৫ জন পুলিশ পর্যবেক্ষক এবং ১০০ জন ব্যয় পর্যবেক্ষক।

দ্বিতীয় দফায় ৩৯ হাজার ৩০১-টি প্রধান ও ১ হাজার ৭-শো অক্সিলিয়ারি সহ মোট ৪১ হাজার ১-টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। এর মধ্যে শহরাঞ্চলে ১৪ হাজার ২১৮ এবং গ্রামাঞ্চলে ২৫ হাজার ৮৩-টি প্রধান ভোটগ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। মহিলা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা ৮ হাজার ৮৪৫ –টি ২৯৮-টি মডেল ভোটগ্রহণ কেন্দ্র থাকছে। বিশেষভাবে সক্ষম ব্যক্তিরা ১৩-টি ভোটগ্রহণ কেন্দ্র পরিচালনা করবেন।

এদিকে আজ প্রচারের শেষদিনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-নেত্রীরা মিটিং, মিছিল – জনসভার মধ্যে দিয়ে ভোটারদের মন জয়ের চেষ্টা চালান।

উল্লেখ্য, রাজ্যে প্রথম দফার নির্বাচনে গত ২৩-সে এপ্রিল রেকর্ড ৯৩ দশমিক এক নয় শতাংশ ভোট পড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দ্বিতীয় দফার নির্বাচনে অবাধ ও শান্তিপূর্ণ ভোটদান নিশ্চিত করতে ও ভোটারদের আস্থা বাড়াতে নির্বাচন কমিশনের নির্দেশে পুলিশ গত ৩৬ ঘণ্টায় অশান্তি সৃষ্টি করতে পারে এমন দেড় হাজারের বেশি দুশকৃতিকে গ্রেফতার করেছে। এর মধ্যে পূর্ব বর্ধমানে তৃণমূল কংগ্রেসের কাউন্সিলর নারু ভগতও রয়েছেন। শুধুমাত্র গতকাল দুপুর থেকে আজ সকাল পর্যন্ত অভিযানে রাজ্য জুড়ে গ্রেফতার করা হয়েছে মোট ১০৯৫ জনকে। জেলা ভিত্তিক হিসাবে পূর্ব বর্ধমানে সবচেয়ে বেশি ৪৭৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। তার পরেই রয়েছে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, এই দুই জেলা থেকে ৩১৯ এবং ২৪৬ জনকে পাকড়াও করা হয়েছে। এছাড়া নদিয়া থেকে ৩২, হুগলি থেকে ৪৯, হাওড়া থেকে ৩২ এবং কলকাতা উত্তরে ১০৯ জনকে গ্রেফতার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে দ্বিতীয় দফা নির্বাচনে হিংসার ঘটনা বাড়তে পারে এই আশঙ্কায় কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছেন এক আইনজীবী। তাঁর দাবী, প্রথম দফা নির্বাচনে বিভিন্ন জায়গায় বিক্ষিপ্ত অশান্তির ঘটনা সামনে এসেছে।

দ্বিতীয় দফা ভোটের আগে রাজ্যের একাধিক এলাকা থেকে প্রায় তিন হাজার বোমা উদ্ধার হয়েছে। এই পরিস্থিতিতে অবিলম্বে আদালত হস্তক্ষেপের দাবী জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দ্বিতীয় দফার ভোটের আগে সুপ্রিম কোর্টের নির্দেশ মত আজ চূড়ান্ত অতিরিক্ত ভোটার তালিকা প্রকাশ করা হতে পারে। নির্বাচন কমিশন সূত্রে জানা যাচ্ছে, ২৯ এপ্রিল

শেষ দফার ভোটের আগে আজ রাত পর্যন্ত বিচারবিভাগীয় ট্রাইবুনাল যতগুলি আবেদনের নিষ্পত্তি করবে, তার মধ্যে যোগ্য আবেদনকারীরা ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবেন।

একই সঙ্গে এবারের নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন তারা।

উল্লেখ্য, গত ২৩শে এপ্রিল, প্রথম দফার ভোটের দু'দিন আগে প্রকাশিত চূড়ান্ত অতিরিক্ত ভোটার তালিকায় নতুন করে অন্তর্ভুক্ত হন ১৩৯ জন।

oooooooooooooooooooooo

ভোটের আগে সর্বত্রই নজরদারি আরও আঁটোসাঁটো করেছে পুলিশ। বেহালা পশ্চিম বিধানসভায় সরশুনা থানার বীরেন রায় রোডে নাকা চেকিং-এর সময় একটি মোটরসাইকেল আরোহীর ব্যাগ থেকে চার লক্ষ টাকা উদ্ধার হয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে মোটর সাইকেলটি। বেহালা পশ্চিম বিধানসভার পর্ণশ্রী থানা এলাকায় একটি গাড়ি থেকে ১ লক্ষ ৩৮ হাজার টাকা মিলেছে।

অন্যদিকে, সমাজ মাধ্যমে নির্বাচনী বিধি ভঙ্গ করে পোস্ট করার জন্য কলকাতা পুলিশ, তাদের এক কর্মীকে সাসপেন্ড করেছে। ভোটের মুখে নিরপেক্ষতা বজায় রাখার পাশাপাশি বিতর্কিত পোস্ট শেয়ার বা ফরওয়ার্ড না করা কিংবা বিরুপ মন্তব্য করা থেকেও বিরত থাকতে বলা হয়েছে।

পূর্ব বর্ধমানের কালনা থানার কুলটি হাড়িতলা এলাকায় নাকা চেকিং-এর সময় নগদ অর্থ সহ দুই ব্যক্তিকে আটক করেছে। উদ্ধার হয়েছে প্রায় ১০ লক্ষ ৭৮ হাজার টাকা।

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গে চলতি বিধানসভা নির্বাচনে ৫১০ কোটি টাকার নগদ ও বিভিন্ন সামগ্রী বাজেয়াপ্ত করেছে। এর মধ্যে আছে মদ, মাদক ও মূল্যবান ধাতব সামগ্রী।

কমিশন সূত্রে জানা গেছে, পশ্চিমবঙ্গ সহ অন্যান্য ভোট মুখী রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলে মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক , পুলিশের মহা নির্দেশক সহ পুলিশ ও প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে নিয়মিত বৈঠক করা হয়েছে। নির্বাচন যাতে হিংসা ও ভয়মুক্ত পরিবেশে এবং অবাধ ও সুষ্ঠু হয়- তা সুনিশ্চিত করার জন্যেও সব আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

কমিশনের এই উদ্যোগের অঙ্গ হিসেবে পশ্চিমবঙ্গে ২ হাজার ৭২৮ টি ফ্লাইং স্কোয়াড মোতায়েন করা হয়েছে। নজরদারির জন্যে গঠন করা হয়েছে ৩ হাজার ১৪২ টি স্ট্যাটিক

সারভেইলেন্স টিম।এই দলগুলি, বিভিন্ন জায়গায় আকস্মিক নজরদারি ও তল্লাশি চালিয়ে বেআইনি কার্যকলাপ প্রতিরোধ ও অবৈধ সামগ্রী বাজেয়াপ্ত করেছে। ।

oooooooooooooooooooo

ভোটের আগে রাজ্যপাল আর এন রবির উদ্যোগে লোকভবনের তরফে হেল্পলাইন নম্বর চালু হয়েছে। আগামী ১০-ই মে পর্যন্ত নাগরিকরা এই হেল্পলাইনে ভোট গ্রহনের সমস্যা ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে নিয়ে অভিযোগ জানাতে পারবেন । সংশ্লিষ্ট কতৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে আবেদনগুলি সংবেদনশীলতা ও সর্বোচ্চ গোপনীয়তার সঙ্গে বিবেচনা করা হবে বলে জানানো হয়েছে। হেল্পলাইন নম্বরগুলি হল ০৩৩-২২০০-১০২২ এবং ১০২৩। এছাড়া ইমেইল এও অভিযোগ জানানো যেতে পারে।

oooooooooooooooooooooo

দ্বিতীয় দফা নির্বাচনের আগে আজ বিভিন্ন জেলা থেকে অশান্তির খবর মিলেছে।

হুগলীর আরামবাগে তৃণমূল কংগ্রেসের সাংসদ মিতালী বাগের ওপর দুষ্কৃতি হামলার ঘটনায় বেশ কয়েকজনকে গ্রেফতার করা হয়েছে। আগেই জানানো হয়েছে, দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সভায় যাওয়ার সময় গোঘাট স্বাস্থ্যকেন্দ্রের কাছে মিতালী বাগের গাড়ি লক্ষ্য করে হামলা চালায় কয়েকজন দুষ্কৃতি । দলীয় সূত্রে জানা গেছে, বাঁশ ও লাঠির আঘাতে তিনি আহত হন বলে অভিযোগ। আরামবাগ স্টেট্ জেনারেল হাসপাতালে তাঁর চিকিৎসা চলছে।

তৃণমূল কংগ্রেসের হুগলী জেলা সভাপতি অরিন্দম গুই এই আক্রমণের জন্য বিজেপিকে দায়ী করেছেন।

অন্যদিকে, বিজেপি বিধায়ক মধুসূদন বাগ এজন্য শাসক দলের গোষ্ঠীদ্বন্দ্বকেই দায়ী করেন। দলের তরফে আরও দাবি করা হয়েছে, গোঘাটে তাদের প্রচার চলাকালীন তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিরা লাঠি, ইট, রড, বন্দুক নিয়ে বিজেপি কর্মীদের ওপর চড়াও হয়। ভেঙে দেওয়া হয় প্রার্থীর গাড়ির কাঁচ। ২০ জন আহত কর্মীর হাসপাতালে চিকিৎসা চলছে।ঘটনাস্থলে মোতায়েন রয়েছে বিশাল পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী ।

নির্বাচন কমিশন গোটা ঘটনায় রিপোর্ট তলব করেছে বলে জানা গেছে।

এদিকে, পূর্ব বর্ধমানের পূর্বস্থলীর নসরৎপুর এলাকায় বিজেপির মিছিলে শাসক দলের লোকেরা অস্ত্র নিয়ে আক্রমণ চালিয়েছে বলে অভিযোগ। তৃণমূল কংগ্রেসের পাল্টা দাবি, বিজেপির মিছিল থেকে তাঁদের কার্যালয়ে ঢুকে হামলা চালানো হয়েছে।

oooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের নাদনঘাট থানার নসরৎপুরে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মী-সমর্থকদের মধ্যে সংঘাতের ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছে। দু-পক্ষের চারজন হাসপাতালে চিকিৎসাধীন। বিজেপি-র অভিযোগ, দলীয় প্রার্থীর মিছিল চলাকালীন শাসক দলের কার্যালয় থেকে মিছিল লক্ষ্য করে ইটপাটকের ছোঁড়া হয়। এর প্রতিবাদ করতেই শুরু হয় সংঘর্ষ । ক্রমে এলাকা রণক্ষেত্রের রূপ নেয়।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের অভিযোগ কোন কারণ ছাড়াই বিজেপি কর্মীরা দলীয় কার্যালয়ে হামলা চালিয়েছে। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

oooooooooooooooooooo

রাজ্যে দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের আগে বাইক চলাচল সংক্রান্ত নির্বাচন কমিশনের নির্দেশিকায় সংশোধন করলো কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। দুই বিচারপতি শম্পা সরকার ও অজয় কুমার গুপ্তার ডিভিশন বেঞ্চ আজ জানিয়েছেন, ভোট শেষ হওয়ার ৪৮ ঘন্টা আগে থেকে দল বেঁধে বাইক চালানো যাবে না। বাইক সংক্রান্ত নিষেধাজ্ঞা নিয়ে সিঙ্গেল বেঞ্চের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয় নির্বাচন কমিশন। তার প্রেক্ষিতে বেঞ্চ জানিয়েছে, কারো ব্যক্তি স্বাধীনতায় হস্তক্ষেপ করতে পারে না আদালত। পারিবারিক প্রয়োজনে বা জরুরি ক্ষেত্রে বাইক নিয়ে বাইরে বেরনোর জন্য বিচারপতি কৃষ্ণা রাও, এর আগে যে নির্দেশ দিয়েছিলেন তাই-ই বহাল থাকবে।

এই নির্দেশ মেনে আজ সন্ধে থেকেই নিষেধাজ্ঞা জারি হয়েছে।

ooooooooooooooooooooo

রাজ্য পুলিশের ডিজি সিদ্ধিনাথ গুপ্তার কার্যকালের মেয়াদ আরও ৬ মাস বাড়ানো হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রকের আবেদনে সায় দিয়ে মন্ত্রিসভা নিয়োগ সংক্রান্ত কমিটি এই সিদ্ধান্ত নেয়। আগামী ৩০-শে এপ্রিল তার অবসরগ্রহণের কথা ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কের এক মাত্র গন্ডার ভীমের মৃত্যু হয়েছে। বেঙ্গল সাফারির ডিরেক্টর ই-বিজয়কুমার জানিয়েছেন, সম্পূর্ণ বার্ধক্যজনিত কারণেই মৃত্যু হয়েছে ভীমের।  বন দফতরের উপস্থিতিতে তার শেষকৃষ্ণ সম্পন্ন হয়ে। ভীমের মৃত্যুর সঙ্গে সঙ্গেই বেঙ্গল সাফারির অন্যতম আকর্ষণ বন্ধ হয়ে গেল।

প্রায় এক দশক আগে গন্ডারটি সেখানে আসে। প্রথম কানহেলা নামে পরিচিত হলেও বিশাল ও শক্তিশালী চেহারার জন্য তার নাম রাখা হয় ভীম।

০০০০০০০০০০০০০০০০০০০০০

অনুকূল বায়ু প্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় সারা রাজ্যেই আগামী চার-পাঁচ দিন বৃষ্টির সম্ভাবনা। আজ পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম , মুর্শিদাবাদ, নদিয়া, পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। বর্ধমানে ইতিমধ্যেই বৃষ্টি হওয়ায় খানিকটা স্বস্তি মিলেছে।

এদিকে, কলকাতা ও তার আশপাশের এলাকাতেও আকাশ মেঘলা এবং বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা থাকছে।

অন্যদিকে, উত্তরবঙ্গের উত্তর দিনাজপুর এবং দার্জিলিং জেলায় রয়েছে বৃষ্টির কমলা সর্তকতা।

এদিকে বৃষ্টি ও মেঘলা আকাশের কারণে তাপমাত্রা পারদ কিছুটা কমেছে । আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩২ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় ৩ ডিগ্রি কম।

সমুদ্র উত্তাল থাকার কারণএ মৎস্যজীবীদের আগামী ১ তারিখ পর্যন্ত মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooooo

গণশক্তির সাংবাদিক  পার্থপ্রতিম নাগের জীবনাবসান হয়েছে। আজ দুপুর পৌনে ১২টা নাগাদ তমলুকের বাড়িতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। গত কয়েকবছর ধরে তিনি অসুস্থতায় ভূগছিলেন। তাঁর ডায়ালিসিস চলছিল। বয়স হয়েছিল ৬৬বছর।

তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রবীণ সিপিআই(এম) নেতা বিমান বসু ও পার্টির রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। গভীর শোক ব্যক্ত করা হয়েছে গণশক্তির পক্ষ থেকেও ।

তাঁর অঙ্গীকার অনুযায়ী তমলুক মেডিক্যাল কলেজ হাসপাতালে মরণোত্তর দেহদান ও চক্ষুদান করা হয়েছে।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo